

### ডিপ্লোমা-ইন-কমার্সে পাসের হার ৬৫ ভাগ

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৮৪ সনের ডিপ্লোমা ইন কমার্সে পরীক্ষার চারটি শাখায় সম্মিলিত পাসের হার শতকরা পয়ষট্টি দশমিক উনচল্লিশ। গতকাল (রবিবার) বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষার ফল প্রকাশ করিয়াছে।

অংশগ্রহণকারী ১ হাজার ৩ শত ৫৫ জন পরীক্ষার্থীর মধ্যে নিয়মিতদের ৩ শত ৩৯ জন প্রথম বিভাগে এবং ৩ শত ৬৮ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন। অনিয়মিতদের মধ্যে উত্তীর্ণের সংখ্যা ১ শত ৭৯।

(৮ম পৃঃ ৫-এর কঃ পৃঃ)

### ডিপ্লোমা-ইন-কমার্সে

(১ম পৃঃ পর)

শাখা চারটি হইল সেক্রেটারিয়েল সায়েন্স/বাংলা, সেক্রেটারিয়েল সায়েন্স/ইংরেজী, একাউন্টিং/বাংলা ও একাউন্টিং/ইংরেজী।

মেধার তালিকায় সেক্রেটারিয়েল সায়েন্স (ইংরেজী)

শাখায় প্রথম হইয়াছেন ময়মনসিংহ গভর্ণমেন্ট কমাশিয়াল

ইনস্টিটিউটের মোহাম্মদ এনামুল হক (ময়মনসিংহ-১০০৯)-প্রাপ্ত

নম্বর-৯৫০। অত্র শাখায়

প্রথম স্থান অধিকারিগণ হইতেছেন : সেক্রেটারিয়েল সায়েন্স

(বাংলা) রমেনচন্দ্র হালদার (বরিশাল-২০২)/বরিশাল গভর্ণমেন্ট

কমাশিয়াল ইনস্টিটিউট ; একাউন্টিং

(ইংরেজী) মোহাম্মদ আল মুজা-হিদ মল্লিক (ঢাকা-১০০)/ঢাকা

গভর্ণমেন্ট কমাশিয়াল ইনস্টিটিউট ;

একাউন্টিং (বাংলা)-মোহাম্মদ তারিকুল ইসলাম (বরিশাল-২৮২)/বরিশাল গভর্ণমেন্ট কমাশিয়াল ইনস্টিটিউট।

c/MP & C/Stat  
lu